# জাপানে ৭.৬ মাত্রার ভূমিকম্প, পূর্ব উপকূলে সুনামি সতর্কতা জারি



সংগৃহীত ছবি

জাপানের পূর্ব উপকূলীয় অঞ্চলটি শক্তিশালী ভূমিকম্পে কেঁপে উঠেছে। দেশটির কিছু শহরে সুনামি সতর্কতা জারি করা হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাননি, তবে সতর্কতামূলক ব্যবস্থা অব্যাহত রয়েছে।

জাপানের পূর্ব উপকূলের আওমোরি ও হোক্কাইদো অঞ্চলে স্থানীয় সময় রাত ১১:১৫ মিনিটে ৭.৬ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানাচ্ছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ভূ-পৃষ্ঠ থেকে প্রায় ৫০ কিলোমিটার গভীরে ছিল।

এ ঘটনায় দেশটির আবহাওয়া অধিদফতর পূর্ব উপকূলের বেশ কিছু এলাকায় সুনামি সতর্কতা জারি করেছে। প্রাথমিক অনুমান অনুযায়ী, সুনামির উচ্চতা ১০ ফুট পর্যন্তও উঠতে পারে। যদিও এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি, স্থানীয় প্রশাসন সতর্কতামূলক ব্যবস্থা জোরদার করেছে।

LENS ASIA